ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ডের চিহ্নিতকরণ/ নিষ্ক্রিয়করণ/সক্রিয়করণ/ পুনরায় সক্রিয়করণ করার স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি

খাদ্য দপ্তর অনেকদিন ধরেই রেশন কার্ডের তথ্যভান্ডার পরিশোধন এবং সংহতিকরণের প্রচেষ্টা করছে। এই উদ্দেশে কিছু পদক্ষেপ ইতিমধ্যেই নেওয়া হয়েছে। যদিও আমাদের এই বৃহৎ তথ্যভান্ডারের ক্ষেত্রে এটা একটা ধারাবাহিক প্রক্রিয়া। রেশন কার্ডের তথ্যভান্ডারের পরিশোধন ও সংহতিকরণের সম্পূর্ণ প্রক্রিয়াটিকে পরিষ্কার করে বোঝার জন্য এই স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি তৈরি করা হয়েছে।

১. সক্রিয় রেশন কার্ড

১.১ পোর্টাল এবং ই-পসে সমস্ত সক্রিয় কার্ড সবুজ রং দিয়ে চিহ্নিত করা হবে।

১.২ সক্রিয় কার্ডের জন্য খাদ্যশস্য বরাদ্দ করা হবে।

২. ব্লকড/যাচাইয়ের জন্য চিহ্নিত রেশন কার্ড

২.১ নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে বিভিন্ন সময় রেশন কার্ড ব্লক/ যাচাইয়ের জন্য চিহ্নিত করা হতে পারে।

২.২ ব্লকড/ যাচাইয়ের জন্য চিহ্নিত রেশন কার্ড পোর্টালে এবং ই-পসে হলুদ রঙ দিয়ে চিহ্নিত করা হবে।

২.৩ এই কার্ডের জন্য খাদ্যশস্য বরাদ্দ করা হবে এবং ই-পসের মাধ্যমে এই খাদ্যশস্য তোলা যাবে।

২.৪ একবার কোনো রেশন কার্ড যাচাইয়ের জন্য চিহ্নিত হলে সাধারণ ভাবে তা ওই অবস্থায় থাকবে ২ মাস পর্যন্ত অথবা সফল ভাবে ই-কেওয়াইসি সম্পূর্ণ হওয়া পর্যন্ত।

২.৫ এই সময়ের মধ্যে চিহ্নিত উপভোক্তাগণ খাদ্যশস্য তুলতে পারবেন এবং খাদ্যশস্য বরাদ্দও করা হবে।

২.৬ ব্লকড/যাচাইয়ের জন্য চিহ্নিত উপভোক্তাদের এসএমএস পাঠানো হবে।

২.৭ "আপনার রেশন কার্ড যাচাইয়ের জন্য চিহ্নিত করা হয়েছে। অনুগ্রহ করে এখুনি যে কোনো খাদ্য পরিদর্শকের অফিসে, রেশন দোকানে অথবা বাংলা সহায়তা কেন্দ্রে গিয়ে ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ডের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ করিয়ে নিন যাতে আপনার কার্ড নিষ্ক্রিয় না হয়ে যায়।" এই বার্তা ই-পসে এবং পোর্টালে প্রদর্শিত হবে।

২.৮ যদি উপভোক্তা ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ডের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ করিয়ে নেন তাহলে এই চিহ্নিতকরণ সরিয়ে নেওয়া হবে এবং ৪৮ ঘন্টার মধ্যে রেশন কার্ডটি সক্রিয় কার্ডে অর্থাৎ সবুজ চিহ্নিত কার্ডে রূপান্তরিত হয়ে যাবে।

৩. নিষ্ক্রিয় (ডিঅ্যাক্টিভেটেড) রেশন কার্ড

৩.১ দপ্তরের নির্দিষ্ট করা মানদণ্ডের ভিত্তিতে কিছু কার্ড সরাসরি নিষ্ক্রিয় করা হতে পারে।

অথবা,

যাচাইয়ের জন্য চিহ্নিত রেশন কার্ড যদি ২ মাসের সময়সীমা শেষ হওয়ার পরও রেশন কার্ডের সঙ্গে আধার নম্বর সংযুক্তিকরণ না করা হয়ে থাকে তাহলে তা নিষ্ক্রিয় করা হবে এবং কার্ডটিকে লাল রঙ দিয়ে চিহ্নিত করা হবে।

৩.২. নিষ্ক্রিয় কার্ড পোর্টালে এবং ই-পসে লাল রঙ দিয়ে চিহ্নিত করা হবে।

৩.৩ নিষ্ক্রিয়করণের ক্ষেত্রে উপভোক্তাদের এসএমএস পাঠানো হবে।

৩.৪ "আপনার রেশন কার্ড নিষ্ক্রিয় করা হয়েছে। অনুগ্রহ করে এখুনি যে কোনো খাদ্য পরিদর্শকের অফিসে, রেশন দোকানে অথবা বাংলা সহায়তা কেন্দ্রে গিয়ে ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ডের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ করিয়ে নিন যাতে আপনার কার্ড পুনরায় সক্রিয় হয়ে যায়।" এই বার্তা ই-পসে এবং পোর্টালে প্রদর্শিত হবে।

৩.৫ নিষ্ক্রিয় কার্ডের জন্য কোনো খাদ্যশস্য বরাদ্দ করা হবে না এবং ই-পসের মাধ্যমে এই কার্ডের ক্ষেত্রে খাদ্যশস্য তোলা যাবে না।

৩.৬ ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ডের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ করা হয়ে গেলে নিষ্ক্রিয় কার্ডটি সক্রিয় কার্ডে(সবুজ চিহ্নিত)রূপান্তরিত হবে এবং ৪৮ ঘন্টার মধ্যে এই রূপান্তর প্রতিফলিত হবে।

৩.৭ পুনরায় সক্রিয়করণের ক্ষেত্রে উপভোক্তাদের এসএমএস পাঠানো হবে।

৩.৮ পুনরায় সক্রিয় কার্ডগুলি পোর্টালে এবং ই-পসে সবুজ রঙ দিয়ে চিহ্নিত হবে।

৩.৯ "আপনার কার্ডটি পুনরায় সক্রিয় করা হয়েছে।" এই বার্তাটি ই-পসে এবং পোর্টালে ১ মাস ধরে প্রদর্শিত হবে।

৩.১০ যদি ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ডের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ হয়ে যায় তাহলে RKSY I&II কার্ড ৪৮ ঘন্টার মধ্যে সক্রিয় হয়ে যাবে। যদিও NFSA কার্ড 'ফার্স্ট আউট - ফার্স্ট ভ্যালিডেটেড - ফার্স্ট ইন' এই নীতির ভিত্তিতে পুনরায় সক্রিয় করা হবে যেহেতু এক্ষেত্রে খালি স্লটের স্বল্পতা থাকতে পারে।

৩.১১ নিষ্ক্রিয় কার্ডের তথ্য জেলা নিয়ামক, মহকুমা নিয়ামক, রেশনিংআধিকারিক, পরিদর্শক, এবং ডিলারের লগইন থেকে পাওয়া যাবে।

৩.১২ ধারাবাহিক ভাবে লেনদেন না করার জন্য অথবা একই আধার নম্বর একাধিক কার্ডে সংযুক্ত থাকার কারণে কিছু কার্ড ইতিমধ্যে নিষ্ক্রিয় করা হয়েছে। ধারাবাহিকভাবে লেনদেন না করা জন্য নিষ্ক্রিয়করণ একটি নিয়মিত এবং ধারাবাহিক প্রক্রিয়া এবং ৩ মাস অন্তর এটি করা হবে।

৪. নতুন রেশন কার্ড য এখনও সক্রিয় হয়নি

৪.১ নতুন রেশন কার্ডের জন্য আবেদনপত্র যেগুলো পোর্টালে নথিভুক্ত এবং অনুমোদিত হয়েছে কিন্তু যেগুলোর ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ এখনও হয়নি সেগুলো নিষ্ক্রিয় থাকবে এবং বাদামি রং দিয়ে চিহ্নিত করা হবে।

৪.২ এই কার্ডগুলি রেশন কার্ডের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ না হওয়া পর্যন্ত নিষ্ক্রিয় থাকবে।

৪.৩ রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ সম্পূর্ণ হওয়ার পর এই কার্ডগুলোকে সক্রিয় করা হবে; ই-পসে তা ৪৮ ঘন্টার মধ্যে প্রতিফলিত হবে এবং উপভোক্তা এই কার্ড দিয়ে রেশন দোকান থেকে খাদ্যশস্য তুলতে পারবেন।

৪.৪ এই কার্ডগুলোর ক্ষেত্রে পরবর্তী বরাদ্দকরণের সময় খাদ্যশস্য বরাদ্দ করা হবে।

ই-কেওয়াইসি মাধ্যমে রেশন কার্ডের নিষ্ক্রিয়করণ/ ব্লকড কার্ডের সক্রিয়করণ/ অনুমোদিত আনমার্জড কার্ডের সক্রিয়করণ-এর শর্তাবলী

১. ৫ বছরের নিচের উপভোক্তাদের জন্য ই-কেওয়াইসি করার প্রয়োজন নেই।

২. একজন উপভোক্তা যাঁর রেশন কার্ডের জন্য আবেদনপত্র যেগুলো পোর্টালে নথিভুক্ত এবং অনুমোদিত হয়েছে তিনি রেশন দোকান/ বাংলা সহায়তা কেন্দ্র / খাদ্য পরদর্শকের অফিসে গিয়ে তাঁর আবেদনের নম্বর/ মোবাইল নম্বর এবং আধার নম্বর দিয়ে ইকেওয়াইসি করতে পারেন। অর্থাৎ এই কার্ডগুলো সক্রিয় করা হবে দুটি শর্ত পূরণ হলে: **অনুমোদন এবং সফল ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ।**

৩. নিষ্ক্রিয়/ব্লকড উপভোক্তারা রেশন দোকান (এসএমএস ও পাঠানো হবে এবং খাদ্য দপ্তরের পোর্টালে দেখানো হবে) থেকে জানতে পারবেন যে তার পরিবারের কোন রেশন কার্ড ব্লকড/ নিষ্ক্রিয় করা হয়েছে। এই কার্ড গুলি লাল রঙ দিয়ে চিহ্নিত থাকবে এবং তার সাথে নির্দিষ্ট মেসেজ পোর্টালে এবং ই-পসে দেখানো হবে।

৪. যদি কোনো উপভোক্তার ব্লকড/নিষ্ক্রিয় রেশন কার্ড ইতিমধ্যে আধার নম্বরের সঙ্গে সংযুক্ত না হয়ে থাকে তিনি যে কোনো খাদ্য পরিদর্শকের অফিসে, বাংলা সহায়তা কেন্দ্রে অথবা ই-পসে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ করতে পারেন।

৫. যদি যদি কোনো উপভোক্তার রেশন কার্ড ইতিমধ্যে অন্য আধার নম্বরের সঙ্গে সংযুক্ত হয়ে থাকে ডেমো অথেন্টিকেশনের মাধ্যমে তাহলে ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ প্রাধান্য পাবে এবং পূর্ববর্তী ডেমোঅথেন্টিকেশনের তথ্যের পরিবর্তে এই তথ্য নথিভুক্ত হবে। ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ যে কোনো খাদ্য পরিদর্শকের অফিসে, বাংলা সহায়তা কেন্দ্রে অথবা ই-পসে করানো যেতে পারে।

৬. যদি কোনো উপভোক্তার রেশন কার্ড ইতিমধ্যে ডেমো অথেন্টিকেশনের মাধ্যমে একই আধার নম্বরের সঙ্গে সংযুক্ত হয়ে থাকে তাহলে ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ প্রাধান্য পাবে এবং পূর্ববর্তী ডেমোঅথেন্টিকেশনের তথ্যের পরিবর্তে এই তথ্য নথিভুক্ত হবে। ই-কেওয়াইসির মাধ্যমে রেশন কার্ড নম্বরের সঙ্গে আধার নম্বরের সংযুক্তিকরণ যে কোনো খাদ্য পরিদর্শকের অফিসে, বাংলা সহায়তা কেন্দ্রে অথবা ই-পসে করানো যেতে পারে।

৭. যদি ই-কেওয়াইসির মাধ্যমে কোনো উপভোক্তার আধার নম্বর ইতিমধ্যে অন্য কোনো উপভোক্তার রেশন কার্ডের সঙ্গে ভুলবশত সংযুক্ত হয়ে থাকে তাহলে একমাত্র খাদ্য পরিদর্শকের অফিসে করানো যাবে।খাদ্য পরিদর্শকের অফিসে তার রেশন কার্ডের সঙ্গে আধার নম্বর সংযুক্ত করানো যাবে এবং এই সংযুক্তিকরণ সফল হলে অন্য রেশন কার্ডটি ব্লকড হয়ে যাবে।